

২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখে “ইনোভেশন কমিটির” ৫ম সভার সভার কার্যবিবরণীঃ


সভাপতিঃ জনাব সাঈদ মাহমুদ পিইজি, মহাব্যবস্থাপক (পরিচালনা, উন্নয়ন ও গবেষণা) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন কমিটি।
স্থানঃ টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড এর সভাকক্ষ,
তারিখ ও সময়ঃ ০৪/১১/২০২০খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।

অদ্য ২৮/০৬/২০২১খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড এর মহাব্যবস্থাপক (পরিচালনা, উন্নয়ন ও গবেষণা) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন কমিটি সভাপতিত্বে টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড এর উদ্ভাবনী উদ্যোগ সমূহের বাস্তবায়নের নিমিত্তে ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উক্ত সভায় ইনোভেশন কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দও উপস্থিত ছিলেনঃ

- | | |
|--|-------|
| ১। জনাব মোঃ মিজানুর রহমান মোল্লা, উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)- | সদস্য |
| ২। জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী ব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)- | সদস্য |
| ৩। জনাব মোঃ মোজাম্মেল হক, সহকারী প্রোগ্রামার (সফটওয়্যার এন্ড এপস) - | সদস্য |
| ৪। জনাব রকিবুল হাসান মোঃ ইউসুফ, সহঃ ম্যানেজার- | সদস্য |

২৮/০৬/২০২১খ্রিঃ তারিখের সভায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরিত ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে ইনোভেশন টিমের বাৎসরিক রিপোর্ট এবং আনুসঙ্গিক করণীয় কর্মসূচীর বিষয়ে বিস্তারিত নিম্নোক্ত আলোচনা করা হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নের অবস্থা
০১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে এবং নির্দিষ্ট তারিখের মধ্যেই ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরিত হয়েছে। ওয়েব সাইটে হালনাগাদ করা হয়েছে।	ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়িত।
০২	ইনোভেশন টিমের সভা	সর্বমিল ৬(ছয়)টি সভার আয়োজনের টার্গেট ছিল। মহামারী চলাকালীন প্রেক্ষাপটে ৫টি সভা সম্পন্ন করা সম্ভব হয়েছে।	৫টি সভা অনুষ্ঠিত হয়েছে।
০৩	উদ্ভাবন খাতে বরাদ্দ	২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন খাতে ২০ লক্ষ বরাদ্দ আছে। বরাদ্দ এর পূর্ণ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে কর্মপরিকল্পনা নির্ধারণ। উদ্ভাবন সংক্রান্ত বৈদেশিক প্রশিক্ষণ না হওয়ায় চলতি অর্থবছরে বার্ষিক বরাদ্দের কোন অর্থ ব্যয়িত হয়নি।	বৈদেশিক প্রশিক্ষণ না হওয়ায় চলতি অর্থবছরে বার্ষিক বরাদ্দের কোন অর্থ ব্যয়িত হয়নি।
০৪	সক্ষমতা বৃদ্ধি	১) উদ্ভাবন ও সেবা সহজিকরণে ২(দুই) জনের একদিনের কর্মশালা, ২) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪(চার) জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ এবং ৩) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪(চার)জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ এর রূপরেখা নির্ধারণ করা হয়।	১) ০২/০৬/২০২১ খ্রিঃ তারিখে ২ জনের একদিনের কর্মশালা। ২) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখে ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখে ১৮ জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ। ৩) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখে ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখে ২ জনের ২(দুই) দিনের প্রশিক্ষণ।
০৫	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন	“টেলিফোন পণ্য সেবা” শীর্ষক একটি মোবাইল Apps তৈরি।	শেষ পর্যায়ে। উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) করা হয়েছে।
০৬	উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং)	উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং)	গত ০৯/০৬/২০২১খ্রিঃ তারিখে জুম অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ব্যবস্থাপনায় উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) করা হয়েছে।
০৭	সেবা সহজিকরণ	১২.১ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন ১২.২ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন	অনলাইন পেমেণ্ট সিস্টেম চালুকরণ প্রক্রিয়াধীন


(জনাব সাঈদ মাহমুদ পিইজি)

মহাব্যবস্থাপক (পরিচালনা, উন্নয়ন ও গবেষণা)

ও

বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন কমিটি।